# নির্বাচন কমিশন

এসওডব্লিউএ নির্বাহী পরিষদ নির্বাচন-২০২৬
সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড
চিকনাগুল, সিলেট-৩১৫২

সূত্র নং-এসজিএফএল/এসওডব্লিউএ/নির্বাচন-২০২৬ তারিখ: ০৪-০৮-২০২৬

## নির্বাচনী তফসিল (সংশোধিত)

এতদ্বারা জানানো যাচ্ছে যে, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড (এসজিএফএল) অফিসার্স ওয়েলফেয়ার এসোসিয়েশন (এসওডব্লিউএ)-এর সম্মানিত সদস্যগণকে জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত তফসিল অনুযায়ী আগামী ২ (দুই) বছর (২০২৬-২০২৭ ও ২০২৭-২০২৮) মেয়াদের জন্য এসওডব্লিউএ নির্বাহী পরিষদ নির্বাচন-২০২৬ অনুষ্ঠিত হবে:

### ১.০ নির্বাচনের সময়সূচী:

| | | | |
|---|---|---|---|
| ১.১ | নির্বাচনের তারিখ | : | ২৩-০৮-২০২৬ (রবিবার) |
| ১.২ | মনোনয়ন পত্র সংগ্রহের সময় | : | ০৬-০৮-২০২৬ তারিখ হতে ১০-০৮-২০২৬ তারিখ পর্যন্ত (অফিস চলাকালীন সময়, প্রধান নির্বাচন কমিশনার-এর কার্যালয়) |
| ১.৩ | মনোনয়ন পত্র দাখিলের তারিখ ও সময় | : | ১১-০৮-২০২৬ তারিখ হতে ১২-০৮-২০২৬ তারিখ পর্যন্ত (অফিস চলাকালীন সময়) |
| ১.৪ | মনোনয়ন পত্র দাখিলের স্থান | : | প্রধান নির্বাচন কমিশনার-এর কার্যালয় |
| ১.৫ | মনোনয়ন পত্র প্রত্যাহার এবং অভিযোগের সর্বশেষ সময় | : | ১৩-০৮-২০২৬ তারিখ (বৃহস্পতিবার) বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত |
| ১.৬ | চূড়ান্ত তালিকা প্রকাশের তারিখ ও সময় | : | ১৬-০৮-২০২৬ (রবিবার) |

### ২.০ নির্বাচনের জন্য নির্ধারিত পদ, পদের সংখ্যা ও মনোনয়ন পত্রের মূল্য (অফেরৎযোগ্য):

| ক্রমিক | পদের নাম | পদের সংখ্যা | মনোনয়ন পত্রের মূল্য |
|---|---|---|---|
| ১. | সভাপতি | ১ (এক) টি পদ | ৪,০০০.০০ টাকা |
| ২. | সিনিয়র সহ-সভাপতি | ১ (এক) টি পদ | ৪,০০০.০০ টাকা |
| ৩. | সহ-সভাপতি | ১ (এক) টি পদ | ৪,০০০.০০ টাকা |
| ৪. | সাধারণ সম্পাদক | ১ (এক) টি পদ | ৪,০০০.০০ টাকা |
| ৫. | যুগ্ম সম্পাদক | ২ (দুই) টি পদ | ৪,০০০.০০ টাকা |
| ৬. | সাংগঠনিক সম্পাদক | ১ (এক) টি পদ | ৪,০০০.০০ টাকা |
| ৭. | অর্থ সম্পাদক | ১ (এক) টি পদ | ৩,০০০.০০ টাকা |
| ৮. | দপ্তর সম্পাদক | ১ (এক) টি পদ | ৩,০০০.০০ টাকা |
| ৯. | তথ্য ও গবেষণা সম্পাদক | ১ (এক) টি পদ | ৩,০০০.০০ টাকা |
| ১০. | ক্রীড়া ও সাংস্কৃতিক সম্পাদক | ১ (এক) টি পদ | ৩,০০০.০০ টাকা |
| ১১. | কল্যান সম্পাদক | ১ (এক) টি পদ | ৩,০০০.০০ টাকা |
| ১২. | মানবসম্পদ উন্নয়ন সম্পাদক | ১ (এক) টি পদ | ৩,০০০.০০ টাকা |
| ১৩. | মহিলা বিষয়ক সম্পাদক | ১ (এক) টি পদ | ৩,০০০.০০ টাকা |
| ১৪. | সহকারী সাধারণ সম্পাদক (আরজিএফ, আরসিএফপি, ৪০০০ বিপিড সিএফপি ও ৩০০০ বিপিডি সিআরইউ) | ১ (এক) টি পদ | ৩,০০০.০০ টাকা |
| ১৫. | সহকারী সাধারণ সম্পাদক (কেজিএফ, এমএসটিই প্লান্ট এবং এলপিজি প্লান্ট) | ১ (এক) টি পদ | ৩,০০০.০০ টাকা |
| ১৬. | সহকারী সাধারণ সম্পাদক (বিজিএফ) | ১ (এক) টি পদ | ৩,০০০.০০ টাকা |
| ১৭. | সদস্য (আরজিএফ, আরসিএফপি, ৪০০০ বিপিড সিএফপি ও ৩০০০ বিপিডি সিআরইউ) | ১ (এক) টি পদ | ২,৫০০.০০ টাকা |
| ১৮. | সদস্য (কেজিএফ, এমএসটিই প্লান্ট এবং এলপিজি প্লান্ট) | ১ (এক) টি পদ | ২,৫০০.০০ টাকা |
| ১৯. | সদস্য (বিজিএফ) | ১ (এক) টি পদ | ২,৫০০.০০ টাকা |

**৩.০ ভোট গ্রহণ:**

**৩.১ ভোট কেন্দ্র ও ভোট গ্রহণের সময়সূচি:**

| ক্রমিক | ভোট কেন্দ্র | ভোটার সমূহ | ভোট গ্রহণের তারিখ ও সময় |
|---|---|---|---|
| ১. | প্রধান কার্যালয় | প্রধান কার্যালয়, ঢাকা লিয়াজোঁ অফিস, হরিপুর গ্যাস ফিল্ড এবং প্রকল্পসমূহে কর্মরত এসওডব্লিউএ-এর বৈধ ভোটারগণ | ২৩-০৮-২০২৬ সকাল ৯:৩০ হতে বিকাল ৪:০০ পর্যন্ত |
| ২. | কৈলাশটিলা গ্যাস ফিল্ড | কৈলাশটিলা গ্যাস ফিল্ড, এমএসটিই প্লান্ট, কৈলাশটিলা এলপিজি প্লান্ট এবং বিয়ানীবাজার গ্যাস ফিল্ডে কর্মরত এসওডব্লিউএ-এর বৈধ ভোটারগণ | ২৩-০৮-২০২৬ সকাল ৯:৩০ হতে বিকাল ৪:০০ পর্যন্ত |
| ৩. | রশিদপুর গ্যাস ফিল্ড | রশিদপুর গ্যাস ফিল্ড, আরসিএফপি, ৪০০০ বিপিডি সিএফপি ও ৩০০০ বিপিডি সিআরইউ প্লান্টে কর্মরত এসওডব্লিউএ-এর বৈধ ভোটারগণ | ২৩-০৮-২০২৬ সকাল ৯:৩০ হতে বিকাল ৪:০০ পর্যন্ত |

৩.২ পেট্রোবাংলা ও পেট্রোবাংলার অধীনস্থ কোম্পানিসমূহে প্রেষণে বা সংযুক্ত হিসেবে কর্মরত এসওডব্লিউএ-এর বৈধ ভোটার কর্মকর্তাগণ প্রধান কার্যালয় কেন্দ্রে ভোট প্রদান করবেন। এ ছাড়া বিদেশে অবস্থানরত এসওডব্লিউএ-এর বৈধ ভোটার কর্মকর্তাগণ প্রধান নির্বাচন কমিশনারের সহিত যোগাযোগপূর্বক ভোট প্রদান করতে পারবেন। **নির্বাচনের অব্যবহিত পূর্বে সরকারী আদেশের পরিপ্রেক্ষিতে বিদেশ ভ্রমণে গমনেচ্ছু কর্মকর্তাগণ প্রধান নির্বাচন কমিশনারের নিকট থেকে ব্যালট পেপার সংগ্রহ করতঃ মুখবন্ধ খামে ভোট প্রদান করতে পারবেন। উল্লেখ্য যে, মুখবন্ধ খামে প্রদত্ত ভোট নির্বাচনের দিন ভোট গণনার প্রারম্ভে উন্মুক্ত করা হবে এবং যথানিয়মে গণনা করা হবে।**

**৪.০ ভোট দানের পদ্ধতি:**

৪.১ এসওডব্লিউএ-এর বৈধ প্রত্যেক ভোটার কর্মকর্তা নির্ধারিত সংখ্যক পদে ভোট প্রদান করতে পারবেন। (প্রধান কার্যালয়ের ক্ষেত্রে ১৪ টি এবং ফিল্ড পর্যায়ে ১৬ টি করে)।

৪.২ প্রত্যেক প্রার্থীর নামের পাশে খালি ছকে ক্রস চিহ্ন (×) প্রদান করতে হবে এবং ক্রস চিহ্নের বেশীর ভাগ অংশ যে ছকে পড়বে ভোট সেই ছকের নামের প্রার্থীর অনুকূলে বলে গণ্য হবে। কিন্তু একই পদে একাধিক প্রার্থীকে ভোট প্রদান করলে ঐ পদের ভোট বাতিল বলে গণ্য হবে।

**৫.০ সাধারণ নিয়মাবলী:**

৫.১ প্রার্থীকে অবশ্যই সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড অফিসার্স ওয়েলফেয়ার এসোসিয়েশন (এসওডব্লিউএ)-এর সদস্য হতে হবে।

৫.২ মনোয়ন পত্র যথাযথভাবে পূরণ করতে হবে এবং সকল তথ্য সঠিকভাবে প্রদান করতে হবে। অন্যথায় মনোনয়নপত্র বাতিল বলে গণ্য হবে।

৫.৩ একজন প্রার্থী কেবল ১টি পদের বিপরীতে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন।

৫.৪ নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত বৈধ প্রার্থীগণ কেবল প্রতিদ্বন্দ্বিতার যোগ্য বলে বিবেচিত হবেন।

৫.৫ প্রার্থীর প্রস্তাবকারী/সমর্থনকারী অবশ্যই সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড অফিসার্স ওয়েলফেয়ার এসোসিয়েশন (এসওডব্লিউএ)-এর সদস্য বা বৈধ ভোটার হতে হবে।

৫.৬ একই ব্যক্তি প্রস্তাবকারী ও সমর্থনকারী হতে পারবেন না।

৫.৭ সভাপতি পদে মনোনয়নের ক্ষেত্রে প্রার্থীর বয়স ন্যূনতম ৩৫ (পঁয়ত্রিশ) বছর হতে হবে।

৫.৮ যথাযথভাবে পূরণকৃত মনোনয়ন পত্রের সাথে মনোনয়ন ফি জমাদানের রশিদ এবং প্রার্থীর ১ (এক) কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি প্রধান নির্বাচন কমিশনার বরাবর অবশ্যই দাখিল করতে হবে।

৫.৯ প্রত্যেক প্রতিদ্বন্দ্বী প্রার্থী সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড অফিসার্স ওয়েলফেয়ার এসোসিয়েশন নির্বাচন কমিশন কর্তৃক নির্ধারিত প্রত্যেক কেন্দ্রের জন্য একজন করে সদস্যকে তার সম্মতি সাপেক্ষে পোলিং এজেন্ট হিসাবে নিয়োগ করতে পারবেন।

৫.১০ প্রার্থীর স্বাক্ষরিত পোলিং এজেন্টের নাম (তার সম্মতিসূচক স্বাক্ষরসহ) ২৩-০৮-২০২৬ তারিখ ভোট গ্রহণ শুরু হওয়ায় ৩০ মিনিট পূর্বেই সংশ্লিষ্ট কেন্দ্রের সহকারী প্রিজাইডিং অফিসারের নিকট জমা দিতে হবে। উল্লিখিত সময়ের পরে কোন পোলিং এজেন্টের নাম গ্রহণ করা হবে না।

৫.১১ নির্বাচন পরিচালনার জন্য প্রধান নির্বাচন কমিশনার প্রয়োজনীয় সংখ্যক প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার ও পোলিং অফিসার এবং বিকল্প প্রিজাইডিং অফিসার, বিকল্প সহকারী প্রিজাইডিং অফিসার ও বিকল্প পোলিং অফিসার নিয়োগ প্রদান করবেন।

৫.১২ গোপন ব্যালটের মাধ্যমে ভোট গ্রহণ করা হবে এবং ভোটার তালিকাভুক্ত সদস্য ছাড়া অন্য সদস্যদের ভোট গ্রহণ করা হবে না।

৫.১৩ প্রার্থী নিজে, নিজের পোলিং এজেন্ট হিসাবে থাকতে পারবেন না।

৫.১৪ পোলিং এজেন্টগণকে ভোট গ্রহণ শুরুর ১৫ মিনিট পূর্বে অবশ্যই বুথে উপস্থিত থাকতে হবে।

৫.১৫ কোন পদে যদি দুই বা ততোধিক প্রার্থী সমান সংখ্যক ভোট প্রাপ্ত হন তাহলে লটারীর মাধ্যমে বিজয়ী ঘোষণা করা হবে। সেক্ষেত্রে নির্বাচন কমিশনের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৫.১৬ প্রধান কার্যালয়ের প্রত্যেক ভোটার বিভিন্ন পদের বিপরীতে ১ (এক) টি করে সর্বমোট ১৪ (চৌদ্দ) টি ভোট এবং বিভিন্ন ফিল্ড/কার্যালয়ের প্রত্যেক ভোটার বিভিন্ন পদের বিপরীতে ১ (এক) টি করে ১৪ (চৌদ্দ) টি সহ সংশ্লিষ্ট ফিল্ডের দুটি ভোট অর্থাৎ সর্বমোট ১৬ (ষোলো) টি করে ভোট দিতে পারবেন।

৫.১৭ ভোট কেন্দ্র এবং চারপাশে ৪০ গজের মধ্যে কোন ভোটার বা প্রার্থী বা সংশ্লিষ্ট এজেন্ট কোন প্রকার নির্বাচনী প্রচারনা করতে পারবেন না এবং ভোট গ্রহণের ২৪ ঘন্টা পূর্ব হতে ভোট গ্রহণ সমাপ্তি না হওয়া পর্যন্ত সকল প্রকার নির্বাচনী প্রচারনা বন্ধ থাকবে।

৫.১৮ কোন ভোটার যদি অসুস্থতার কারণে বা অন্য কোন কারণে ভোট কেন্দ্র আসতে অসমর্থ হন তাহলে তার পরিবর্তে অন্য কেউ তার পক্ষে ভোট প্রদান করতে পারবেন না।

৫.১৯ ভোট প্রদানের পর কোন ভোটার কেন্দ্রের নির্ধারিত সীমার মধ্যে থাকতে পারবেন না। ভোট গণনার সময় প্রার্থী নিজে অথবা তার পোলিং এজেন্ট প্রতিনিধিত্ব করতে পারবেন।

৫.২০ অন্যান্য ফিল্ড/স্থাপনা হতে গ্রহণকৃত ভোটসমূহ সংশ্লিষ্ট প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার ও পোলিং অফিসার কর্তৃক নিয়মমাফিক গণনা শেষে ফলাফলের যথাযথ স্বাক্ষরিত কপি প্রধান নির্বাচন কমিশনারের নিকট তাৎক্ষণিকভাবে ই-মেইলে এবং হার্ড কপি একই দিনে ও নির্ধারিত সময়ে হস্তান্তর করবেন ।

৫.২১ অনিবার্য কারণবশতঃ তফসিলে বর্ণিত নির্দিষ্ট কোন দিনে কোন কার্যক্রম পরিচালনায় যদি কোনরূপ ব্যাঘাত ঘটে তবে নির্বাচন কমিশনের সিদ্ধান্ত অনুযায়ী পরবর্তী নির্ধারিত দিনে কার্যক্রম গ্রহণ করা হবে।

৫.২২ নির্বাচন কমিশন কর্তৃক মনোনীত কর্মকর্তাবৃন্দ তাদের নির্ধারিত কেন্দ্রসমূহের প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার এবং পোলিং অফিসারের দায়িত্ব পালন করবেন।

৫.২৩ প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার এবং পোলিং অফিসারগণ যে কেন্দ্রে ভোট গ্রহণ করবেন সে কেন্দ্রে তাদের ভোট প্রদান করতে পারবেন।

৫.২৪ ভোটার তালিকা প্রকাশের পর বদলিজনিত কারণে কোন কর্মকর্তার কর্মস্থল পরিবর্তিত হলে তিনি সংশ্লিষ্ট কার্যালয়/ফিল্ডের কেন্দ্রে ভোট প্রদান করতে পারবেন।

৫.২৫ নির্বাচন সংক্রান্ত যে কোন ব্যাপারে নির্বাচন কমিশনের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

**৬.০: <u>নির্বাচনী আচরণবিধি:</u>**

৬.১ নির্বাচনে প্রার্থী বা প্রার্থীর পক্ষে ভোটারদের বাড়ী বা বাসায় গিয়ে ভোট প্রার্থনা করা নির্বাচন আচরণ বিধির পরিপন্থী বলে গণ্য হবে।

৬.২ নির্বাচন কমিশন ঘোষিত আচরণবিধি মেনে চলে অফিস চলাকালীন ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে প্রচারণা করা যাবে।

৬.৩ নির্বাচনী প্রচারণার জন্য কোম্পানি প্রাঙ্গনে কোন প্রকার ব্যানার/পোস্টার টাঙানো যাবে না এবং দেয়াল লিখন করা যাবে না। তবে লিফলেট বিতরণ করা যেতে পারে।

৬.৪ প্রতিদ্বন্দ্বী প্রার্থী সম্পর্কে বিরূপ মন্তব্য বা হেয় প্রতিপন্ন করা যাবে না।

৬.৫ কোন প্রার্থীর বিরুদ্ধে আচরণবিধি লঙ্ঘনের বিষয় প্রমাণিত হলে কমিশন প্রার্থীতা বাতিলসহ যথাযথ ব্যবস্থা গ্রহণের অধিকার সংরক্ষণ করে।

৬.৬ কেউ প্রকাশ্যভাবে ভোট প্রদান করলে তা নির্বাচন আচরণবিধির পরিপন্থি বলে বিবেচিত হবে এবং ভোট বাতিল বলে গণ্য হবে।

৬.৭ নির্বাচনের কাজে ব্যবহার/প্রচারের জন্য কোম্পানির কোন প্রকার যানবাহন ব্যবহার করা যাবে না।

৬.৮ কমিশন প্রয়োজনে পরবর্তীতে আরো শর্ত/বিধি জারি করতে পারবে।

৬.৯ একজন প্রার্থী একাধিক পদের জন্য মনোনয়ন পত্র সংগ্রহ করতে পারবেন। তবে কেবল একটি পদের বিপরীতে মনোনয়ন পত্র দাখিল করতে পারবেন। অন্যথায় তার সকল মনোনয়ন পত্র বাতিল বলে গণ্য হবে।

৬.১০ নির্বাচন সংক্রান্ত যেকোনো বিষয়ে নির্বাচন কমিশনের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

০৪/০৮/২০২৬

০৪.০৮.২০২৬
(প্রকৌ. প্রদীপ কুমার বিশ্বাস)
মহাব্যবস্থাপক (ওয়েল সার্ভিসেস)
ও
প্রধান নির্বাচন কমিশনার
এসওডব্লিউএ নির্বাহী পরিষদ নির্বাচন-২০২৬

<u>অনুলিপি:</u>

১। ব্যবস্থাপনা পরিচালক, এসজিএফএল।
২। মহাব্যবস্থাপকগণ, এসজিএফএল।
৩। উপ-মহাব্যবস্থাপক/ফিল্ড ইনচার্জ/প্রকল্প পরিচালকগণ, এসজিএফএল।
৪। উপ-মহাব্যবস্থাপক (আইসিটি), এসজিএফএল [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]।
৫। সকল নোটিশ বোর্ড।